

## নিয়োগ বিজ্ঞপ্তি

পুঞ্জ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর বিভিন্ন বিভাগ/দপ্তরে একাডেমিক ও প্রশাসনিক জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ বাংলাদেশী (পুরুষ/মহিলা) নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ক্র. নং	পদের নাম	বিভাগ/দপ্তর ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী অধ্যাপক	বাংলা বিভাগ-১টি	(i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকতা/গবেষণা কাজে ২ বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ১টি প্রকাশনা থাকতে হবে। অথবা, (ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকতা/গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা ও ১টি প্রকাশনা থাকতে হবে। অথবা, (iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী, ন্যূনতম ৩টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকতা/গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা ও ন্যূনপক্ষে ২টি প্রকাশনা থাকতে হবে।
২.	প্রভাষক	সিএসই বিভাগ-১টি	প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক (৩/৪)/স্নাতকোত্তর ডিগ্রী এবং ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে।
৩.	পাবলিক রিলেশন অফিসার	প্রেস, পাবলিকেশন অ্যান্ড পাবলিক রিলেশন দপ্তর-১টি	(ক) প্রার্থীর সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রী/৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে। (খ) প্রার্থীর কমপক্ষে ২ (দুই) বৎসরের সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত/প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ২য় বিভাগসহ স্নাতক ডিগ্রী এবং ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে ইন্টারনেট, ই-মেইলসহ কম্পিউটার কাজে পারদর্শি হতে হবে।
৪.	মার্কেটিং সুপারভাইজার	মার্কেটিং শাখা-১টি	প্রার্থীর স্নাতক ডিগ্রীসহ কোন সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন সরকারী/বেসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে ইন্টারনেট, ই-মেইলসহ কম্পিউটার কাজে পারদর্শি হতে হবে।
৫.	ল্যাব এ্যাসিস্ট্যান্ট	সিএসই বিভাগ-১টি	প্রার্থীকে সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ সিএসই অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পাশ হতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন প্রতিষ্ঠানে ল্যাব সহকারী হিসেবে কমপক্ষে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ পাশসহ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে হার্ডওয়্যার ও সফটওয়্যার কাজে অভিজ্ঞ হতে হবে। অভিজ্ঞদের ক্ষেত্রে যোগ্যতা শিথিলযোগ্য।
৬.	ক্যাটালগার	কেন্দ্রীয় লাইব্রেরি-১টি	প্রার্থীকে ন্যূনপক্ষে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী ও প্রাতিষ্ঠানিক গ্রন্থাগারে ক্যাটালগিং কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীকে ন্যূনপক্ষে লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট কোর্সসহ স্নাতক ডিগ্রী ও ৮ বৎসরের প্রাতিষ্ঠানিক লাইব্রেরীর ক্যাটালগিং কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে ইন্টারনেট, ই-মেইলসহ কম্পিউটার কাজে পারদর্শি হতে হবে।

### বিঃ দ্র. (ক্রমিক- ১-২ এর জন্য প্রযোজ্য) :

- (১) এ গ্রেড=১ম বিভাগ (এসএসসি ও এইচএসসি'র ক্ষেত্রে জিপিএ-৫.০০ এর মধ্যে ৪.০০; অনার্স ও মাস্টার্স এর ক্ষেত্রে সিজিপিএ-৪.০০ এর মধ্যে ৩.৫০ বোঝাবে।
- (২) শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড এবং পাশ কোর্স গ্রহণযোগ্য হবে না।
- (৩) পিএইচ.ডি/এম.ফিল ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

16.05.26

## নির্দেশনা:

- প্রার্থীকে কভার লেটারসহ নির্ধারিত CV Format অনুযায়ী পূর্ণাঙ্গ CV পূরণপূর্বক অথবা, তথ্য সম্বলিত CV আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (CV Format বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে Download করা যাবে)।
- প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্টস্, অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, NID'র ফটোকপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ১-৩ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ৪-৬ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মূলকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ০৮.০৬.২০২৬ খ্রি.।
- ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর শিরোনাম: “পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি”।
- আবেদনপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দেয়া যাবে।
- খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পন্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬.০৫.২৬

## রেজিস্ট্রার

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি  
রংপুর রোড, গোকুল, বগুড়া।

## যোগাযোগ:

মোবাইল: ০১৩১৩-৩৭৭০৭২, ০১৭১৮-১৯৮০৫৪

ওয়েবসাইট: [www.pundrauniversity.ac.bd](http://www.pundrauniversity.ac.bd)